

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৩৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - পায়খানা-প্রস্রাবের আদব

بَابُ آدَابِ الْخَلَاءِ

আরবী

عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَتَيْتُمُ الْغَائِطَ فَلَا تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ وَلَا تَسْتَدْبِرُوهَا وَلَكِنْ شَرِّقُوا أَوْ غَرِّبُوا»
 قَالَ الشَّيْخُ الْإِمَامُ مُحْيِي السُّنَّةِ هَذَا الْحَدِيثُ فِي الصَّحَرَاءِ وَأَمَّا فِي الْبُنْيَانِ فَلَا بَأْسَ
 لِمَا رُوِيَ:

বাংলা

أَلْدَبُ (আদাব) বা শিষ্টাচার হলো প্রত্যেক জিনিসের সীমার প্রতি লক্ষ্য রাখা। কারো কারো মতে আদাব হলো প্রশংসনীয় কথা বা কাজের প্রয়োগ। অভিধানবেত্তাগণ 'আদাব' শব্দটি ব্যবহার করেন কোন ব্যক্তি বা বস্তুর ক্ষেত্রে যা উপযোগী সেক্ষেত্রে। যেমন বলা হয় الدَّرْسُ آدَابُ পাঠের আদব বা الشَّيْخُ الْإِمَامُ مُحْيِي السُّنَّةِ বিচারকের শিষ্টাচার। আর الْخَلَاءُ (খলা-) বলা হয় প্রাকৃতিক প্রয়োজন পূরণের স্থানকে। যেহেতু মানুষ সেখানে নির্জন থাকে তাই তাকে الْخَلَاءُ নির্জনস্থান বলা হয়েছে।

৩৩৪-[১] আবু আইয়ূব আল আনসারী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যখন পায়খানায় যাবে তখন ক্বিবলা (কিবলা/কেবলা)কে সামনে বা পেছনে রেখে বসবে না, বরং পূর্বদিকে ফিরে বসবে অথবা পশ্চিম দিকে। (বুখারী ও মুসলিম)[১]

শায়খ ইমাম মুহিয়ইউস সুন্নাহ বলেছেন, এটা উন্মুক্ত প্রান্তরের হুকুম। দালান-কোঠা বা ঘরের মধ্যকার পায়খানায় অথবা ঘরের মতো করে নির্মিত পায়খানায় এরূপ করা দোষের নয়।

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৯৪, মুসলিম ২৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَلَكِنْ شَرَّفُوا أَوْ غَرَّبُوا) : (قوله) অর্থাৎ- তোমরা পূর্ব পশ্চিম দিকে মুখ করে পেশাব-পায়খানা কর। এ আদেশটি মূলত মদীনাবাসী এবং যাদের ক্বিবলাহ্ (কিবলাহ/কিবলা) মদীনাবাসীদের ক্বিবলার দিকে তাদের জন্য প্রযোজ্য।

এর দ্বারা উদ্দেশ্য হলো যে, দিকান্ভিমুখী হলে ক্বিবলাহ্ (কিবলাহ/কিবলা) সামনে বা পেছনে হয় না সেদিকে মুখ করে স্বাভাবিক প্রয়োজন (তথা পেশাব-পায়খানা) পূরণ করা যা দেশভেদে ভিন্ন হয়ে থাকে। (অর্থাৎ- প্রত্যেক দেশের অধিবাসীরা সেদিকে মুখ করে স্বাভাবিক প্রয়োজন পূরণ করবে যে দিকান্ভিমুখী হবে (কিবলাহ্ সামনে বা পেছনে হবে না)। হাদীসটি বাহ্যিকভাবে খোলা ময়দান ও প্রাচীর বেষ্টিত টয়লেটের মাঝে কোন পার্থক্যকরণ ছাড়াই স্বাভাবিক প্রয়োজন পূরণের সময় ক্বিবলাকে সামনে বা পিছনে করতে নিষিদ্ধের বিষয়ে সুস্পষ্ট প্রমাণ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54893>

📖 হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন